দর্শনায় ৩২ বোতল ফেনসিডিলসহ সিংনগরের ছোট গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩২ বোতল ফেনসিডিলসহ জহিরুল ইসলাম ছোটনকে (২৮)গ্রেফতার করেছে।

দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামের ইনতাজুলের বাঁশ বাগানের সামনে থেকে গ্রেফতার করে।তিনি জীবননগর উপজেলার সিংনগর গ্রামের গাং ধার পাড়ার আমানত মন্ডলের ছেলে।

জানাগেছে আজ রবিবার (৩ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার শাহ’র নেতৃত্বে, অভিযান চালায় আকন্দবাড়িয়া বন্ধুতলা নামক স্থানে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ জহিরুল ইসলাম ছোটনকে গ্রেফতার করে। পরে পুলিশ তার দেহ তল্লাশী করে ৩২ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে বলে পুলিশ বলেছে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

মেহেরপুরে ১২ গ্রাম হেরোইনসহ দম্পতি আটক

মেহেরপুরে ১২ গ্রাম হেরোইন সহ এক দম্পতিকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় তাদের ব্যবহৃত একটি মোটরসাইকেল জব্দ করা হয়।

আটককৃতরা হলেন মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর গ্রামের আসমান আলীর ছেলে খায়রুল ইসলাম (৩৭) এবং তার স্ত্রী মোছাঃ রিতা খাতুন (৩২)।

আজ রবিবার ৩ ডিসেম্বর দুপুর দুইটার দিকে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম বিশেষ অভিযানে তাদের



মাদকসহ রাজাপুর গ্রাম থেকে আটক করে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, মাদকের একটি চালান হাত বদল হচ্ছে বিশেষ সূত্রে এমন খবর পেয়ে জেলা কার্যালয়ের পরিদর্শক মো: আবুল হাশেম এর নেতৃত্বে একটি দল দুপুর দুইটার দিকে রাজাপুর গ্রামের জনৈক হাফিজুল ইসলামের কলাবাগানের সন্নিকটে অবস্থান নেয়। এ সময় একটি নম্বর প্লেট বিহীন টিভিএস মোটরসাইকেলের গতি রোধ করে আরোহীদের তল্লাশি করে ১২ গ্রাম হেরোইন সহ খাইরুল ও তার স্ত্রী রিতাকে আটক করা হয়।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মোঃ আবুল হাশেম বলেন, ‘জব্দকৃত মাদকের বাজার মূল্য প্রায় ১ লক্ষ ৬০ হাজার টাকা। আটককৃত দম্পতির বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের আওতায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে এবং তাদের থানায় সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে ধ*র্ষ*ণ মামলার আসামি গ্রেফতার

মেহেরপুরে ধর্ষণ মামলার এজাহারনামীয় পালাতক আসামীকে আটক করেছে গাংনী র্যাব সিপিসি ১২ র একটি দল। গতকাল শনিবার (২ ডিসেম্বর) রাত ১১ টার দিকে মেহেরপুর কলেজ মোড় এলাকায় অভিযান চালিয়ে আবু

রায়হান(২৮) কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী আবু রায়হান(২৮) রাজশাহী লাউবাড়িয়া গ্রামের মোঃ ওয়াজেদের ছেলে।

গাংনী র্যাব সিপিসি ১২ ক্যাম্পের কোম্পানীর কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, অতিরিক্ত ডিআইজি (অধিনায়ক র্যাব-১২) মোঃ মারুফ হোসেন পিপিএমের নির্দেশনায় গতকাল শনিবার (২ ডিসেম্বর) রাত ১১ টার দিকে গোপন সাংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানার কলেজ মোড় এলাকায় অভিযান চালিয়ে রাজশাহীর বাগমারা থানার মামলা নং-০৬, তারিখ-১০/১১/২৩ ইং, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০২০) এর ৯(১) নিমিত্তে ধর্ষণ মামলার এজাহারনামীয় আসামীকে গ্রেফতার করতে সক্ষম হই ।

আজ রবিবার সকালের দিকে গ্রেফতারকৃত আসামীকে রাজশাহী বাগমারা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

ফরিদপুরে ১৫০ বোতল ফেন্সিডিলসহ জীবননগরের শিবলু গ্রেফতার

ফরিদপুর জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি) মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৫০ বোতল ফেন্সিডিল সহ দুই মাদক ব্যাসায়ীকে আটক করেছে।

আজ শনিবার ফরিদপুর ভাংগা থানাধীন পুকুরিয়া হাজারী মার্কেট আলমগীর মেম্বার এর রিক্সা গ্যারেজ এর সামনে থেকে তাদেরকে আটক করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, ফরিদপুর পুলিশ সুপারের দিক নির্দেশনায় ও অফিসার-ইনচার্জ কোতয়ালী জোন (ডিবি) ফরিদপুর ডিবির নেতৃত্বে একটি চৌকস টিম ভাংগা থানা এলাকায় অভিযান পরিচালনা করে।

এসময় ফরিদপুর ভাংগা থানাধীন পুকুরিয়া হাজারী মার্কেট আলমগীর মেম্বার এর রিক্সা গ্যারেজ এর সামনে থেকে দর্শনা পৌর এলাকার

শান্তি নগরের ইদ্রিস আলীর ছেলে রয়েল মিয়া ওরফে রুহেল মিয়া (২৮) ও জীবননগর উপজেলার শিংনগর গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে সাইফুল ইসলাম শিবলু (৩৫)কে আটক করে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১শ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

এ ঘটনায় ২ জনের বিরুদ্ধে এসআই (নিঃ) হাফিজুর রহমান বাদী হয়ে মামলা দায়ের করেছে। গতকালই তাদেরকে মাদক আইনে মামলাসহ ফরিদপুর কৌর্ট হাজতে প্রেরন করেছে।

মেহেরপুরে বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার, কিন্তু বোমাটি ছিলো নকল

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে একটি একতলা বাড়ির ছাদ থেকে বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করে উর্ধতন কর্তৃপক্ষকে জানায় পুলিশ। উত্তেজনা পূর্ণ দিন অতিবাহিত করার পর রাতে বোম্ব ডিসপোজাল ইউনিট এসে জানালো নকল বোমা।

গতকাল শুক্রবার (১লা ডিসেম্বর) দিবাগত মধ্যরাতে (৩:৩০) গোপন খবরের ভিত্তিতে পিরোজপুর পুলিশ ফাড়ির সদস্যরা পিরোজপুর বাজার পাড়ার নইমুদ্দিনের ছেলে মোঃ মিঠুন (২৫) এর একতলা বসতবাড়ীর ছাদে বোমা সাদৃশ্য বস্তু থাকায় অভিযোগে বাড়িটি ঘিরে রেখেছিলো।

পিরোজপুর পুলিশ ফাঁড়ি সূত্রে জানা গেছে, প্রাথমিক অনুসন্ধানে ঘটনাটির সাথে মিঠুনের সম্পৃক্ততার প্রমাণ পাওয়া যায়নি। গোপন তথ্যের ভিত্তিতে পুলিশ ক্যাম্পের সদস্যগণ ঘটনাস্থলে এসে বাড়ির দরজা খুলতে বললে বাড়ির সদস্যগণ গেইট খুলে দেয়। এরপর বাড়ির ছাদে গেলে একটি সিমেন্টের ব্যাগে লালটেপ প্যাচানো অবস্থায় ২ টি বোমাসদৃশ কৌটা ও পত্রিকার কাগজে মোড়ানো অবস্থায় ১ টি অজ্ঞাত বস্তু দেখতে পেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করলে র্যাবের একটি বিশেষ দল এসে ঘটনাস্থল পরিদর্শন করে এবং বোম্ব ডিসপোজাল ইউনিটকে ঘটনাস্থলে আসার

আহ্বান জানায়।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন, ‘উদ্ধারকৃত বস্তুু দুটি বোমা কি না নিশ্চিত হতে পরীক্ষা- নিরীক্ষার প্রক্রিয়া চলছে। তদন্ত সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।’

গাংনী র্যাব সিপিসি-১২ ক্যাম্পের কমান্ডার সরকারি পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, ‘আমাদের টিম ঘটনাস্থল পরিদর্শন করে এসেছে। বোমাটি সেখানেই পুলিশ ঘির। যশোর থেকে বোমা ডিসপোজাল ইউনিটের সদস্যরা আসছেন। এরপর বিস্তারিত বলা যাবে। ‘

সন্ধ্যায় বোম্ব ডিসপোজাল ইউনিটের টিম এসে পরিক্ষা নিরিক্ষা করার পর আনুষ্ঠানিকভাবে প্রেসব্রিফিং করে জানায় উদ্ধারকৃত বোমা সদৃশ্য বস্তু গুলি নকল বোমা।

ঝিনাইদহ আইনজীবী সমিতির নির্বাচন আওয়ামী লীগ পন্থী পরিষদের নিরঙ্কুশ জয়

ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন (২০২৪) এর ভোট গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে আইনজীবী সমিতির কার্যালয়ে এই ভোট গ্রহন অনুষ্ঠিত হয়।

সভাপতি সম্পাদকসহ ১৭টি পদের নির্বাচনে সভাপতি-সম্পাদকসহ ১৪টি পদে সম্মিলিত আওয়ামী আইনজীবী পরিষদ (ইসমাইল- মঞ্জুরুল) প্রার্থীরা জয়লাভ করেছে। বাকী ৩টি সদস্য পদে বিএনপি জামায়াত পন্থী পরিষদের প্রার্থীরা বিজয়ী হয়েছে।

নির্বাচনে সভাপতি পদে আওয়ামী পন্থী পরিষদের অ্যাড. ইসমাইল হোসেন

১৫৩ ভোট পেয়ে নির্বাচিত হন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি পন্থী পরিষদের কাজী একরামুল হক আলম পেয়েছেন ১২৪ ভোট। সাধারণ সম্পাদক পদে আওয়ামী পরিষদের মঞ্জুরুল ইসলাম পেয়েছেন ১৪৬ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি পন্থ’◌ী পরিষদের আব্দুর রশিদ বিশ্বাস পেয়েছেন ১৩০ ভোট। এছাড়া আওয়ামী পন্থী পষদের অন্যান্য পদে বিজয়ীরা হলেন সহ-সভাপতি পদে আব্দুল খালেক পেয়েছেন ১৪২ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী কাজী আলাউল হক পেয়েছেন ১৩৬ ভোট, সহ-সাধারণ সম্পাদক পদে নজরুল ইসলাম পেয়েছেন ১৪৪ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী রিয়াজুল ইসলাম রিয়াজ পেয়েছেন ১২৭ ভোট। হিসাব নিরিক্ষক পদে শাহিনুল ইসলাম শাহীন পেয়েছেন ১৭০ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী শামিউল ইসলাম পেয়েছেন ১০৮ ভোট, সাহিত্য সাংস্কৃতিক, গ্রন্থাগার ও তথ্য প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদে জাহিদুল ইসলাম জাহিদ পেয়েছেন ১৬৯ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী বীনা খাতুন পেয়েছেন ১০৯ ভোট, ক্রীড়া ও প্রমোদ সম্পাদক পদে আ.ম.সোহানুর জোয়ার্দ্দার (সাথী) পেয়েছেন ১৯৪ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী মাসুদ উর রহমান পেয়েছেন ৮১ ভোট, ধর্মীয় ও অপ্যায়ন সম্পাদক পদে আব্দুল মান্নান পেয়েছেন ১৭২ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোস্তাফিজুর রহমান মন্ডল পেয়েছেন ১০১ ভোট। এছাড়া সদস্য পদে আওয়ামী পন্থী পরিষদের হাবিবুল্লাহ বাহার, আব্দুল মতিন, মীর আক্কাছ আলী, আছাদুজ্জামান বাবু, ওবায়দুর রহমান (মিলন) ও কামাল হোসেন এবং বিএনপি পন্থী পরিষদের দবির হোসেন, রাশিদুল হাসান জাহাঙ্গীর এবং শামসুজ্জামান লাকী নির্বাচিত হয়েছেন। জেলা আইনজীবী সমিতির ২৮৭ ভোটারের মধ্যে ২৮৫জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে এই ভোট গ্রহন অনুষ্ঠিত হয়েছে বলে আইনজীবী সমিতির সদস্যরা জানিয়েছেন

দর্শনা দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। আজ শুক্রবার দুপুরে এ চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করছে তারেক আহম্মেদ।

অভিযোগ সুত্রে জানাযায় দর্শনা পৌরসভার দক্ষিনচাঁদপুর গ্রামের হাবিবুর রহমানের ছেলে তারেক আহম্মেদ ১৫০ সিসির পালসার মোটরসাইকেল যার ডিজিটাল নাং চুয়াডাঙ্গা ল ১১-৬৮৪৪ বাড়ির সামনে রিলিংয়ের ভিতর রেখে নামাজ পড়তে যায়।নামাজ পড়ে এসে দেখে তার ব্যাবহারকৃত মোটরসাইকেলটি আর নাই। পরে অনেক খুঁজাখুঁজি করে মোটরসাইকেলটির আর সন্ধান মেলেনি।

দর্শনায় হঠাৎ করে আবারো মোটরসাইকেল চোর চক্র সক্রিয় হয়ে উঠছে।গত ১ মাস আগেও দর্শনা মোহাম্মদপুর থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। কোন উপায়ন্ত না পেয়ে দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করেছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা বলেন মোটরসাইকেল চুরির ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে একটি সাধারন ডাইরি হয়েছে।একটি অভিযোগপত্র পাওয়া গেছে।তবে বিষয়টি তদন্ত করে চোরাই মোটরসাইকেল উদ্ধারে পুলিশি তৎপরতা চলছে।

বদলি হতে যাচ্ছেন মেহেরপুর সদর ও মুজিবনগর থানার ওসি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের সব থানার ওসিকে বদলি করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

শুক্রবার ইসি সূত্রে জানা গেছে, প্রথম পর্যায়ে যেসব থানার ওসিরা বর্তমান কর্মস্থলে ছয় মাসের বেশি সময় আছেন, তাদের অন্য জেলায় বা অন্য কোনো থানায় পর্যায়ক্রমে বদলির নির্দেশ দিয়েছে কমিশন। এ হিসেবে মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বদলি হতে যাচ্ছেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগকে ইসি আগামী ৫ ডিসেম্বরের মধ্যে এ সংক্রান্ত প্রস্তাব জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

আগামী ৭ জানুয়ারি সংসদ নির্বাচনের ঘোষণা দিয়েছে ইসি। ঘোষিত তফসিল অনুযায়ী, নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ৩০ নভেম্বর, বাছাই ১-৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ও শুনানি ৬-১৫ ডিসেম্বর এবং ১৭ ডিসেম্বরের মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। প্রতীক বরাদ্দ দেওয়া হবে ১৮ ডিসেম্বর।

চুয়াডাঙ্গায় বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদযাপনের প্রস্তুতিমূলক সভা

চুয়াডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আসন্ন ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে অবস্থিত শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ। সকাল আটটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অবস্থিত মুক্ত মঞ্চে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। ওইদিন সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং করা হবে। হাসপাতাল, এতিমখানায় বিশেষ খাবার পরিবেশন করা হবে। বাদ জোহর দেশের শান্তি ও অগ্রগতি এবং সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে শহরের বিভিন্ন মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধাজনক সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও

অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে। জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সমন্নয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

পরে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভায় সকলের সিদ্ধান্ত মোতাবেক দিবসটি যথাযথ মর্যাদায় ও নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালন করা হবে।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া, সহ সকল সরকারি দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে অভিযান চালিয়ে ১৫ শত টাকা জরিমানা করা হয়েছে। আজ বুধবার (২৯ নভেম্বর) দুপুরে মেইন বাসস্ট্যান্ড বেলী ফিলিং স্টেশনে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে আজ দুপুরে এ অভিযান চালান, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

এ সময় তিনি বেলী ফিলিং স্টেশনের ম্যানেজার রবিউল ইসলাম (৩৫) কে তেল বিক্রয়ের মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন

২০০৯ এর ৩৮ ধারায় ১৫ শত টাকা জরিমানা করেন।

এ সময় উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর মনিরুজ্জামান, সুব্রত কুমার সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।